# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 14 May, 2025

পাকিস্তানের কারাগারে বন্দী প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের মুক্তির জন্য মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে হস্তক্ষেপের আহ্বান জানিয়েছেন তাঁর দুই ছেলে সুলেমান খান ও কাসিম খান।২৮ বছর বয়সী সুলেমান ও ২৬ বছরের কাসিম ইমরান খানের সাবেক স্ত্রী ও ব্রিটিশ প্রযোজক জেমিমা গোল্ডস্মিথের গর্ভে জন্মগ্রহণ করেছিলেন।তাঁরা দুজনই ব্রিটিশ নাগরিক।

আজ বুধবার যুক্তরাজ্য-ভিত্তিক ইনডিপেনডেন্ট জানিয়েছে, সুলেমান ও কাসিম প্রথমবারের মতো প্রকাশ্যে তাঁদের বাবার বিষয়ে মুখ খুলেছেন।তাঁরা জানিয়েছেন, আইনি ও অন্যান্য সব পথ ব্যর্থ হওয়ায় তাঁরা এই পদক্ষেপ নিতে বাধ্য হয়েছেন।

২০২৩ সাল থেকে রাওয়ালপিন্ডির আদিয়ালা কারাগারে বন্দী আছেন ৭২ বছর বয়সী ক্রিকেটার-রাজনীতিবিদ ইমরান খান। একটি দুর্নীতি মামলায় তিনি তিন বছরের কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাঁর বিরুদ্ধে প্রায় ১৫০টি অভিযোগ রয়েছে। তবে তাঁর দল তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) এসব অভিযোগকে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে দাবি করে করে আসছে।

মারিও নাওফাল নামে এক সিটি সাংবাদিক ইমরান খানের দুই ছেলের সাক্ষাৎকার নেন।সঙ্গে সরাসরি সম্প্রচারিত এক সাক্ষাৎকারে ২৬ বছর বয়সী কনিষ্ঠ পুত্র বলেন, ‘আন্তর্জাতিক সম্প্রদায়ের পদক্ষেপ জরুরি—আর সেটা ট্রাম্পের মতো ব্যক্তিত্বের মাধ্যমেই সবচেয়ে কার্যকর হতে পারে।’ তিনি বলেন, ‘আমরা চাই পাকিস্তানে গণতন্ত্র ফিরে আসুক।’

দুই ভাই তাঁদের বাবাকে ‘নায়ক’ আখ্যা দিয়ে বলেন—এত দিন তাঁরা প্রকাশ্যে কিছু বলেননি, কিন্তু এখন আর চুপ থাকা সম্ভব হচ্ছে না।

যুক্তরাষ্ট্রের সাবেক কর্মকর্তা রিচার্ড গ্রেনেলের সমর্থনের কথা জানিয়ে বড় ছেলে সুলেমান বলেন, ‘বাক্‌স্বাধীনতা ও প্রকৃত গণতন্ত্রে বিশ্বাস করে—আমরা এমন যে কোনো সরকারকে আহ্বান জানাই, বিশেষ করে বিশ্বের সবচেয়ে শক্তিশালী নেতা ট্রাম্পকে।

তাঁরা অভিযোগ করেন, পাকিস্তান সরকার ইমরান খানকে বিচ্ছিন্ন করে রেখেছে।অন্ধকার কক্ষে দীর্ঘদিন একা আটকে রেখেছে।চিকিৎসক বা বাইরের জগতের সঙ্গে কোনো সংযোগ নেই তাঁর। আদালত সাপ্তাহিক সাক্ষাতের অনুমতি দিলেও দুই থেকে তিন মাস পরপর তাঁদের বাবার সঙ্গে কথা বলার সুযোগ হয়।

তাঁদের মা জেমিমা গোল্ডস্মিথ গত অক্টোবরে অভিযোগ করেছিলেন, ইমরান খানকে আইনজীবী ও পরিবারের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়েছে। এমনকি তাঁর সেলে বিদ্যুৎ সংযোগও বিচ্ছিন্ন করা হয়েছে।

কাসিম বলেন, ‘তিনি টানা ১০ দিন সম্পূর্ণ অন্ধকারে ছিলেন। আমরা চাই আন্তর্জাতিক চাপ তৈরি হোক—এটা শুধু আমাদের বাবার জন্য নয়, বরং পাকিস্তানে বন্দী সব রাজনৈতিক নেতার মানবাধিকার রক্ষার জন্য।

তাঁদের মামা যুক্তরাজ্যের সাবেক পরিবেশমন্ত্রী জ্যাক গোল্ডস্মিথ এক্স মাধ্যমে বলেছেন, ‘আমার ভাগনেরা কখনো প্রচারের পেছনে ছোটেনি। কিন্তু এখন তাঁরা তাঁদের বাবার জন্য, একজন নেতার জন্য মুখ খুলেছে—যিনি পাকিস্তানের জন্য সবকিছু ত্যাগ করেছেন।

চলতি মে মাসেই ইমরান খানের দল দাবি করে, ভারত-পাকিস্তান সামরিক উত্তেজনার মধ্যে ইমরান খানের ওপর ড্রোন হামলার আশঙ্কা রয়েছে। এ জন্য তাঁকে জরুরি ভিত্তিতে মুক্তি

দেওয়ার আবেদন জানিয়েছিল দলটি।

পাকিস্তান ডোনাল্ড ট্রাম্প ইমরান খান কারাগার

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 06:54

URL: https://www.timestodaybd.com/international/248979594